**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ৩০ জুন ২০১৫, ১৬ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাজেট বাস্তবায়নের মাধ্যমে দেশ আরো এগিয়ে যাবে : প্রধানমন্ত্রী

২। কোর্ট ফি জমা অনলাইনে : আইনের খসড়া অনুমোদন

৩। মানবদেহে অঙ্গপ্রত্যঙ্গ সংযোজন আইনের নীতিগত অনুমোদন মন্ত্রিসভায়

৪। পোশাক খাতে উৎসে কর ও শিক্ষায় মূসক কমেছে : বড় পরিবর্তন ছাড়াই অর্থ বিল পাস -বাজেট পাস আজ

৫। কর্ণফুলী টানেল নির্মাণ চুক্তি আজ : ঢাকা-নারায়ণগঞ্জ মেট্রোরেল নির্মাণে আগ্রহী চীন

৬। এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংকে বাংলাদেশসহ ৫০ দেশ

৭। ফলের পর এবার কলেজে ভর্তি নিয়ে জটিলতা

৮। ১৭ বছরের ব্যবধানে বস্তিতে ঝুপড়িবাসীর সংখ্যা ৭৫ শতাংশ কমেছে : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর শুমারি

৯। বাহরাইনে অবৈধ বাংলাদেশিদের সাধারণ ক্ষমা

১০। ভ্যাট অব্যাহতির সীমা ৩০ লাখ টাকা করার প্রস্তাব মন্ত্রিসভায় : চিনি, সার, ইনসুলিন, ক্যান্সার প্রতিষেধকে ভ্যাট লাগবে না

১১। আজ ফেলানী হত্যার পুনর্বিচার শুরু হচ্ছে : বিচার বিলম্বে ক্ষোভ বাবা নূর ইসলামের

১২। ভূমিকম্প সহনশীল ভবন নির্মাণে ৬ নির্দেশনা মানার পরামর্শ বিশেষজ্ঞদের

চলমান পাতা/২

১। বাজেট বাস্তবায়নের মাধ্যমে দেশ আরো এগিয়ে যাবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা প্রস্তাবিত বাজেটকে জনকল্যাণমুখী আখ্যায়িত করে বলেছেন, এ বাজেট বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ আরো এক ধাপ এগিয়ে যাবে। আর সুগম করবে জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও কল্যাণের পথ। বাজেট বাস্তবায়নে বিরোধী দলসহ দেশবাসীর সহযোগিতা কামনা করে তিনি বলেন, সকলে সহযোগিতা করুন, আমরা এ বাজেটও বাস্তবায়ন করতে পারব। বিশ্বমন্দার পাশাপাশি বিএনপি-জামায়াতের জ্বালাও-পোড়াও আর হত্যা নাশকতার পরও বর্তমান সরকার জিডিপি প্রবৃদ্ধির হার ছয় দশমিক পাঁচ শতাংশ ধরে রাখতে সক্ষম হয়েছে। টানা তিন মাসের জ্বালাও-পোড়াও না হলে জিডিপি ৭ শতাংশের ওপরে নেওয়াও সম্ভব হতো। গতকাল ২৯ জুন সোমবার সংসদ অধিবেশনে প্রস্তাবিত বাজেটের ওপর সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), ভোরের কাগজ (পৃ.১,ক.৩), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৮,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.২)।

২। কোর্ট ফি জমা অনলাইনে : আইনের খসড়া অনুমোদন

অনলাইনে ই-পেমেন্টের মাধ্যমে কোর্ট ফি জমা দেওয়ার সুযোগ ও জরিমানার হার বাড়িয়ে একটি আইনের খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। কর্তৃপক্ষের অনুমতি ছাড়া স্ট্যাম্প বেচাকেনা করলে শাস্তির মাত্রাও বাড়ছে আইনে। গতকাল ২৯ জুন সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সংসদ ভবনে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'দি কোর্ট ফিস (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ২০১৫' এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৭,ক.১), নিউজ টুডে (পৃ.১৫,ক.৫)।

৩। মানবদেহে অঙ্গপ্রত্যঙ্গ সংযোজন আইনের নীতিগত অনুমোদন মন্ত্রিসভায়

'মানবদেহে অঙ্গপ্রত্যঙ্গ সংযোজন আইন-২০১৫'র নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ২৯ জুন সোমবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠক শেষে সচিবালয়ে ব্রিফিংয়ে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-যুগান্তর (পৃ.১, ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.৪), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৮), নিউ এজ (পৃ.৩,ক.২)।

৪। পোশাক খাতে উৎসে কর ও শিক্ষায় মূসক কমেছে : বড় পরিবর্তন ছাড়াই অর্থ বিল পাস

-বাজেট পাস আজ

গ্রাম পর্যায়ে ন্যূনতম করের পরিমাণ তিনগুণ ও রপ্তানিতে করহার গত বছরের তুলনায় দ্বিগুণ রেখে বড় ধরনের পরিবর্তন ছাড়া পাস হয়েছে নতুন অর্থবিল। তবে সবার জন্য একই হারে ন্যূনতম কর আরোপের সিদ্ধান্ত থেকে সরে এসেছে সরকার। বাজেট প্রস্তাব থেকে কমানো হয়েছে পোশাক খাতের রপ্তানিতে উৎসে কর ও নতুন ব্যাংকের জন্য করপোরেট কর। এছাড়া শিক্ষা খাতে ভ্যাট কমানোসহ কয়েকটি সংশোধনী এনে পাস হয়েছে অর্থবিল ২০১৫-১৬। সূত্র-সংবাদ (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.২)।

এদিকে বড় কোনো পরিবর্তন ছাড়াই আজ ৩০ জুন মঙ্গলবার জাতীয় সংসদে পাস হচ্ছে ২০১৫-১৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেট। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৪)।

৫। কর্ণফুলী টানেল নির্মাণ চুক্তি আজ : ঢাকা-নারায়ণগঞ্জ মেট্রোরেল নির্মাণে আগ্রহী চীন

আজ ৩০ জুন মঙ্গলবার চীনে কর্ণফুলী টানেল নির্মাণে 'চায়না কমিউনিকেশন কনস্ট্রাকশন' (সিসিসি)'র সাথে সেতু বিভাগের চুক্তি স্বাক্ষর হওয়ার কথা রয়েছে। তবে এ চুক্তির মাধ্যমে প্রকল্পের ব্যয় বাড়বে প্রায় ২ হাজার ৩শ' কোটি টাকা। গত ২৬ জুন কর্ণফুলী টানেল নির্মাণের লক্ষ্যে চুক্তি করার জন্য সেতুমন্ত্রী ৮ সদস্যের প্রতিনিধিদল চীনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন।

এদিকে ঢাকার পূর্বাচল থেকে নারায়ণগঞ্জের ঝিলমিল আবাসিক এলাকা পর্যন্ত প্রায় ৩৫ কিলোমিটার মেট্রোরেল নির্মাণের আগ্রহ প্রকাশ করেছে চীনা প্রতিষ্ঠান 'চায়না রেলওয়ে সিক্সথ গ্রুপ' (সিআরএসজি)। চীন সফররত সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের সাথে বেইজিংয়ে গতকাল ২৯ জুন সোমবার সাক্ষাতের সময় সিআরএসজি'র প্রতিনিধিদল এ আগ্রহ প্রকাশ করে। এছাড়াও চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত প্রায় ১৬০ কিলোমিটার এক্সপ্রেসওয়ে নির্মাণে আগ্রহ প্রকাশ করেছে 'চায়না হার্বার ইঞ্জিনিয়ারিং কোম্পানি লি.'। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (পৃ.৩,ক.৫), নিউজ টুডে (শেষ পৃ.,ক.১)।

৬। এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংকে বাংলাদেশসহ ৫০ দেশ

এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক বা এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি) গঠনের আনুষ্ঠানিক চুক্তি হয়েছে। এই ব্যাংকের উদ্যোক্তা চীনের রাজধানী বেইজিংয়ে গতকাল ২৯ জুন সোমবার বাংলাদেশসহ ৫০টি দেশ প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে চুক্তিতে সই করেছে। চলতি বছরের শেষ দিকে ব্যাংকটি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করবে। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৮,ক.৫)।

৭।	ফলের পর এবার কলেজে ভর্তি নিয়ে জটিলতা

কারিগরি জটিলতা কাটিয়ে মধ্যরাতে একাদশ শ্রেণিতে ভর্তির মেধাতালিকা প্রকাশ করা হলেও রাজধানীর নামী শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থী ভর্তি করাতে পারছে না। কারো নাম প্রকাশ হয়নি, আবার কোনো কোনো শিক্ষার্থী তাদের পছন্দের তালিকায় দেওয়া কলেজের কোনোটিতে সুযোগ পাননি। একাদশে ভর্তির প্রথম দিন গতকাল ২৯ জুন সোমবার রাজধানীর একাধিক কলেজের শিক্ষক, অভিভাবক এবং ভর্তিচ্ছুদের সঙ্গে কথা বলে এমন অভিযোগ পাওয়া গেছে। ডিজিটাল ভর্তি প্রক্রিয়ায় শিক্ষার্থীদের বাদ পড়া এবং মনোনীতদের অনেকেই পছন্দের বিভাগ ও কলেজ না পাওয়ায় ভর্তি প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছেন শিক্ষার্থী ও অভিভাবকরা। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.২)। সংবাদ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮।	১৭ বছরের ব্যবধানে বস্তিতে ঝুপড়িবাসীর সংখ্যা ৭৫ শতাংশ কমেছে : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর শুমারি

১৭ বছরের ব্যবধানে বস্তিতে ঝুপড়িবাসী পরিবারের সংখ্যা প্রায় ৭৫ শতাংশ কমেছে। তবে একই সময়ের ব্যবধানে বস্তিবাসীর সংখ্যা বেড়েছে প্রায় সাড়ে আট লাখ। গতকাল ২৯ জুন সোমবার 'বস্তিশুমারি ও ভাসমান লোকগণনা ২০১৪' -এর ফলাফলে এ চিত্র পাওয়া গেছে বলে জানিয়েছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। বিবিএস পরিচালিত এই শুমারিতে বলা হয়, সারা দেশে এখন মাত্র ২২ লাখ ৩২ হাজার ১১৪ জন মানুষ বস্তিতে থাকে। আর দেশে ছিন্নমূল বা ভাসমান মানুষ মাত্র ১৬ হাজার ৬২১ জন। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (পৃ.৩,ক.১), ডেইলি স্টার (পৃ.৩,ক.১), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬)।

৯।	বাহরাইনে অবৈধ বাংলাদেশিদের সাধারণ ক্ষমা

অবশেষে বাহরাইনে বাংলাদেশি অবৈধ কর্মীদের বৈধ হওয়ার জন্য সাধারণ ক্ষমা ঘোষণা করেছে বাহরাইন লেবার মার্কেট রেগুলেটরি অথরিটি (এলএমআরএ)। ২০১৩ সালের ফেব্রুয়ারি মাস থেকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বাহরাইনের এলএমআরএর সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা চলছিল। নানামুখী চেষ্টার পর সম্প্রতি দেশটির কর্তৃপক্ষ এমন ঘোষণা দেওয়ায় সেখানে বসবাসকারী কর্মীদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে বলে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সূত্রে জানিয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), যায়যায়দিন (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৩,ক.১)।

১০।	ভ্যাট অব্যাহতির সীমা ৩০ লাখ টাকা করার প্রস্তাব মন্ত্রিসভায়

: চিনি, সার, ইনসুলিন, ক্যান্সার প্রতিষেধকে ভ্যাট লাগবে না

সরিষার তেল, চিনি, আখের গুড়, সার, ইনসুলিন, ক্যান্সার প্রতিষেধক, জন্ম নিরোধক ওষুধ, কিডনি ডায়ালিসিস ওষুধ, ফাস্টএইড বক্সে মূল্য সংযোজন কর বা মূসক (ভ্যাট) লাগবে না এ বিধান রেখে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২ এর সংশোধনী প্রস্তাব অনুমোদন করেছে মন্ত্রিসভা। এছাড়া প্রস্তাবে ভ্যাট অব্যাহতির সীমা ২৪ লাখ টাকা থেকে বাড়িয়ে ৩০ লাখ টাকা করার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২৯ জুন সোমবার সংসদ ভবনে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২' সংশোধনের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোশাররাফ হোসাইন ভূইঞা সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.২), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৪)।

১১।	আজ ফেলানী হত্যার পুনর্বিচার শুরু হচ্ছে : বিচার বিলম্বে ক্ষোভ বাবা নূর ইসলামের

আলোচিত ফেলানী হত্যার পুনর্বিচার কার্যক্রম ৩ মাস ৫ দিন মুলতবি থাকার পর ভারতের বিশেষ আদালতে আজ ৩০ জুন মঙ্গলবার পুনরায় শুরু হচ্ছে। তবে তুচ্ছ কারণ দেখিয়ে বার বার আদালত মুলতবির ঘটনায় ফেলানী হত্যার ন্যায়বিচার পাওয়ার বিষয়ে সংশয় দেখা দিয়েছে। আসামি ও বিচারকের অসুস্থতার কারণ দেখিয়ে আর যেন রায়ের তারিখ পেছানো না হয় এ দাবি ফেলানীর বাবা নূর ইসলাম নুরু'র। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.৮), নিউ এজ (শেষ পৃ.,ক.৫)।

১২।	ভূমিকম্প সহনশীল ভবন নির্মাণে ৬ নির্দেশনা মানার পরামর্শ বিশেষজ্ঞদের

ভূমিকম্পসহ প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় ঝুঁকিপূর্ণ ভবন না ভেঙ্গে রেট্রোফিট টেকনোলজি ব্যবহার করলে ৬০ থেকে ৭০ শতাংশ খরচ কমানো সম্ভব। এছাড়া নতুন ভবন নির্মাণে ছয়টি নির্দেশিকা মানলে তা ভূমিকম্প সহনশীল হবে বলে জানিয়েছেন ভূমিকম্প বিশেষজ্ঞদল। গতকাল ২৯ জুন সোমবার গণপূর্ত ভবনে জাপানি সহায়তা সংস্থা (জাইকা) ও পাবলিক ওয়ার্ক ডিপার্টমেন্ট (পিডব্লিউডি) আয়োজিত এক কর্মশালায় এসব কথা জানায় বিশেষজ্ঞ দলটি। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.৩,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক.	প্রথম আলো, ইনকিলাব, নিউ নেশন, ফিনানশিয়াল এক্সপ্রেস : একের পর এক ইয়াবা, কোকেনের মত ভয়াবহ মাদকের চালান আটক হওয়াকে এশিয়ায় বাংলাদেশ মাদক পাচারের অন্যতম ট্রানজিট হিসেবে পরিণত হওয়ার ইঙ্গিত দেয় উল্লেখ করে মাদকের ব্যবহার ও বিস্তার রোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তৎপর

হওয়ার পাশাপাশি আন্তর্জাতিক ও আঞ্চলিক সহযোগিতা কামনা;

খ. ইত্তেফাক : রাজধানীর যানজট নিরসনে বাস টার্মিনালগুলোকে অন্যত্র সরানোর সুপারিশ;

গ. জনকণ্ঠ : দারিদ্র্য বিমোচনে কৃষি ও শিল্প খাতে বিনিয়োগ ব্যাপকভাবে বাড়ানো, সম্পদের সুষ্ঠু বণ্টন, সামাজিক বিভেদ হ্রাস ও কর্মসংস্থান সৃষ্টি করার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : ফেনীতে ক্ষমতাসীন দলের এমপি নিজাম হাজারীর বিরুদ্ধে সন্ত্রাসের রাজত্ব কায়েমের যে অভিযোগ উঠেছে তার আইনি প্রতিকার করার সুপারিশ;

ঙ. যুগান্তর : ঈদ সামনে রেখে মহাসড়কগুলোতে অভিনব পন্থায় চাঁদাবাজি চলছে উল্লেখ করে এ ধরনের অপরাধ দমনে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

চ. ডেইলি সান, সমকাল : রাজধানী ঢাকার মোগল স্থাপত্য লালবাগ কেল্লার সীমানা প্রাচীর ভেঙ্গে গাড়ি রাখার স্থান নির্মাণের কাজ হাইকোর্ট ২৪ ঘণ্টার মধ্যে বন্ধের নির্দেশ দেওয়ায় স্বস্তি প্রকাশ করে প্রত্নতত্ত্বের মতো দেশের অমূল্য সম্পদ রক্ষায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান;

ছ. ডেইলি স্টার : শিক্ষার মানোন্নয়নে শিক্ষা খাতে বাজেট বরাদ্দ বাড়ানোর সুপারিশ;

জ. বাংলাদেশ টুডে : বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়ানোর চেয়ে বিদ্যমান বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলির অব্যবস্থাপনা দূর করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের শান্তিপূর্ণ অবস্থান প্রকৃতপক্ষে শান্তি স্থাপনে দেশের বর্তমান সরকারের কর্মকাণ্ডের সফলতার একটি স্বীকৃতি বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'জলবায়ু পরিবর্তন : বিশ্ব ও বাংলাদেশ' শিরোনামের নিবন্ধে চয়ন বিকাশ চন্দ্র বিশ্বব্যাপী জলবায়ুর যে নতুনধারা বিন্যাস সৃষ্টি হবে, সেই পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে খাপ খাওয়াতে সময়োপযোগী পদক্ষেপ নেওয়া প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা